গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| যে-কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে |
|---|

**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

| **৪৫তম বি.সি.এস. মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি [১০ম পর্যায়]** |
|---|

# বিজ্ঞপ্তি

নম্বর- ৮০.০০.০০০০.২০০.৬০.০৮১.২৫-৫০৪ www.prebd.com

তারিখ: ২৭.১০.২০২৫

৪৫তম বি.সি.এস. এর লিখিত পরীক্ষায় সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের ৩৬৮ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর প্রধান কার্যালয় **আগারগাঁও, শেরে বাংলা নগর**, ঢাকায় অনুষ্ঠিত হবে:

| তারিখ ও মোট দিন | বিষয়ের নাম | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|
| ০৯ নভেম্বর ২০২৫ রবিবার সকাল ১০:০০ টা | মেডিকেল সায়েন্স (৭৭১) | 15000470 15000712 15001344 15001981 15002124 15002257 15002949 15003462 15005442 15005848 15005975 15006354 15007250 15007566 15007718 15008261 15008621 15008686 15008830 15009066 15010934 15011138 15011511 15011583 16004365 16005321 16005341 16005675 16008475 16008544 16008577 16009042 17006980 17011543 17012513 17012731 17014745 17015318 17020184 17020231 17021691 17022201 17023228 17023404 17024008 17024132 17026044 17027026 18000392 18000520 18000675 18001552 18001664 18002141 18003958 18004046 18004170 18004655 18004953 18005005 18005077 18005607 18006830 18007323 18007668 18008377 18008662 18008706 18009011 18009785 18010350 18010980 18011074 18012745 18012748 18013125 18013479 18014362 18014995 18015271 18016548 18016571 18016979 18017806 18018178 18019075 18019843 18020236 18021317 18021717 18021931 18022204 18022379 18022397 18022759 18022783 18023212 18023801 18024313 18025108 18026055 18026381 TOTAL = 102 জন |
| | ডেন্টাল সায়েন্স (৭৯১) | 11000994 11014670 11019941 11024845 11028001 11035559 11044624 11046771 11048558 11054907 11062567 11063652 11065516 11070218 11071078 11074462 11084277 11085292 11114263 11115333 11121531 11123220 11126236 11126781 11127007 11129358 11134371 11147261 11150291 11150736 11154131 11158142 12006079 12008668 12012563 12012772 12014759 13003265 13016011 13017584 13017953 13026463 14001059 14003498 14005908 14011649 14019571 16000014 16003135 16004187 16004426 17031430 18001957 18005138 18005993 18006463 18014524 18016033 18017638 18021689 18023467 TOTAL = 61 জন |
| | পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১) | 11015316 11015412 11068923 11069339 11156693 12013685 13006787 16000476 17000780 17003954 17005234 18000478 18001493 18002692 18003909 TOTAL = 15 জন |
| ১০ নভেম্বর ২০২৫ সোমবার সকাল ১০:০০ টা | কৃষি (৮০১) | 11017530 11027687 11045325 11047326 11089663 11096352 11107604 11110060 11110237 11126133 11141162 11153867 11163255 11171738 12011825 15004529 17007384 17013103 17014130 17017192 17020488 17023353 17027782 18002132 18002470 18006689 18007706 18008987 18009320 18011170 18011791 18013385 18015128 18017372 18017726 18018837 18019495 18019599 18019691 18020801 18024323 18026257 18026429 TOTAL = 43 জন |
| | পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১) | 18012819 18014369 18015766 18022611 = 04 জন |
| | মৎস্য বিজ্ঞান (৮৫১) | 11030658 11078487 11119091 11146537 11151010 16002880 18002863 18025624 TOTAL = 08 জন |
| | পুর কৌশল (৮৮১) | 11054548 11080751 11151776 TOTAL = 03 জন |
| | পশুপালন (৮৩১) | 18001880 18002530 18008506 18021089 18023055 TOTAL = 05 জন |
| | তড়িৎ কৌশল (৮৯১) | 11030780 11068073 11104515 11152304 TOTAL = 04 জন |

| তারিখ ও মোট দিন | বিষয়ের নাম | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|
| ১০ নভেম্বর ২০২৫ সোমবার সকাল ১০:০০ টা | যন্ত্র কৌশল (৯০১) | 11056509 11092632 11096096 14003855 TOTAL = 04 জন |
| | মৃত্তিকা ( ৬২১) | 11105302 15005521 TOTAL = 02 জন |
| | কম্পিউটার সায়েন্স (৯৭১) | 11163777 11168575 11171820 TOTAL = 03 জন |
| | বাংলা (১১১) | 11039725 11040909 11080045 11104038 11108266 11129199 14025733 TOTAL = 07 জন |
| | ইতিহাস (১৮১) | 11029561 11054951 11114931 11171665 18012393 TOTAL = 05 জন |
| | ইংরেজি (১২১) | 11005913 11033100 11033359 11087352 11108410 11108616 11128240 11164847 11173569 12003700 13024496 15012749 TOTAL = 12 জন |
| | সমাজকল্যাণ (৩৬১) | 11025093 11109575 12033505 TOTAL = 03 জন |
| | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১) | 11048939 11059688 11083085 11108264 11112570 11114897 11133220 11159342 13004846 13005366 18016454 TOTAL = 11 জন |
| | ভূগোল (৩১১) | 11069409 11082937 11141039 13000709 TOTAL = 04 জন |
| | পরিসংখ্যান (৯৮১) | 11108338 TOTAL = 01 জন www.prebd.com |
| | দর্শন (২১১) | 11025801 11052206 11078786 11085596 11099095 11140797 11173515 12004882 TOTAL = 08 জন |
| | অর্থনীতি (৩৩১) | 11032115 11082725 11112094 11140511 12004023 16003128 TOTAL = 06 জন |
| | রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) | 11018213 11025066 11065285 11080278 11153630 11165978 11168710 11171025 18003792 18018529 TOTAL = 10 জন |
| | রসায়ন (৫৩১) | 11067499 TOTAL = 01 জন |
| | উদ্ভিদবিদ্যা (৫৮১) | 12009386 TOTAL = 01 জন |
| | সমাজবিজ্ঞান (৩৫১) | 11017805 11026667 11032727 11061045 11078218 11118331 11161578 11167905 16001087 17015559 TOTAL = 10 জন |
| | প্রাণিবিদ্যা (৫৯১) | 11161732 11162090 11163120 11169498 TOTAL = 04 জন |
| | হিসাববিজ্ঞান (৭০১) | 11023570 11062343 11089832 11091854 11117008 11123749 11165017 11174438 TOTAL = 08 জন |
| | ব্যবস্থাপনা (৭৩১) | 11047966 11077334 11120171 11151146 11159247 13012160 TOTAL = 06 জন |
| | ফিন্যান্স (৭১১) | 11044170 11120803 11170135 TOTAL = 03 জন |
| | মার্কেটিং (৭২১) | 11065715 11070179 11082243 11119969 11128883 11140293 11165207 13006704 14024267 TOTAL = 09 জন |
| | গণিত (৫৬১) | 11032724 17028376 TOTAL = 02 জন |

**২. নির্ধারিত অনলাইন ফরম অর্থাৎ BPSC Form-1 (Applicant's Copy) জমাদান:**

৪৫তম বি.সি.এস. পরীক্ষা-২০২২ এর নিয়োগ বিজ্ঞপ্তি ১৬ নম্বর অনুচ্ছেদের শর্ত অনুযায়ী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ৪৫তম বি.সি.এস. এর জন্য নির্ধারিত অনলাইন ফরম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করবেন। কমিশনের ওয়েবসাইট থেকে সংগৃহীত অনলাইন ফরম নিয়ে ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত কাগজপত্রসহ মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে ৩০ মিনিট পূর্বে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, সংশ্লিষ্ট সকল সনদ/কাগজপত্রসহ BPSC Form-1 মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে এবং তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

৩. ৪৫তম বি.সি.এস. এর জন্য নির্ধারিত অনলাইন ফরম [BPSC Form-1] এর সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টস এর ২ (দুই) সেট সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে এবং মূল সনদসমূহ বোর্ডে প্রদর্শন করতে হবে:

[নিম্নের ক্রমনম্বর অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিটি ডকুমেন্ট এর ওপর সংশ্লিষ্ট ডকুমেন্ট-এর ক্রমনম্বর লিখতে হবে]

৩.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনধিক ৩ (তিন) মাস পূর্বে তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি BPSC Form-1 এর ওপরে বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

৩.২ শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি।

৩.৩ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি./সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।"ও লেভেল" এবং "এ লেভেল" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। উল্লেখ্য, **বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

৩.৪ চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়ালে যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে **তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।**

৩.৫ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে ৩০.১১.২০২২ তারিখে প্রকাশিত ৪৫তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ১.২ অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

৩.৬ মেডিকেল (এম.বি.বি.এস.)/বি.ডি.এস. ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বি.এম.ডি.সি, পশুপালন (ডি.ভি.এম.) ডিগ্রিধারীদের ক্ষেত্রে ভেটেরিনারি কাউন্সিল এবং অন্যান্য বিষয়ের ডিগ্রিধারীদের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদের একটি সত্যায়িত ফটোকপি। আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানার সাথে বি.এম.ডি.সি./ভেটেরিনারি কাউন্সিলের সনদে বর্ণিত ঠিকানায় পরিবর্তন হয়ে থাকলে জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার চেয়ারম্যান, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর, নোটারি পাবলিক অথবা প্রথম শ্রেণির (গ্রেড-৯) বা তদূর্ধ্ব সরকারি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। www.prebd.com

৩.৭ যে সকল অবতীর্ণ (appeared) প্রার্থী হিসেবে শর্তসাপেক্ষে আবেদন করেছেন তাদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা **৪৫তম বি.সি.এস. পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে (৩১.১২.২০২২) সম্পূর্ণরূপে শেষ হয়েছে মর্মে সংশ্লিষ্ট** পরীক্ষা নিয়ন্ত্রক/বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যান বা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক **প্রদত্ত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ সংবলিত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি**। লিখিত পরীক্ষা **শুরু ও শেষ হওয়ার তারিখ বিহীন প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না**।

৩.৮ ৪৫তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ২৯ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী প্রার্থীর ওজন (কে.জি), উচ্চতা (সে.মি.) ও বুকের মাপ (সে.মি.) সম্পর্কে বি.এম.ডি.সি. রেজিস্টার্ড মেডিকেল প্রাকটিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। প্রত্যয়নপত্রে **মেডিকেল প্রাকটিশনারের রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।**

৩.৯ বর্তমানে কোনো সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থার চাকরিতে নিযুক্ত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের (clearance certificate) সত্যায়িত কপি। **[ছাড়পত্রের ফরমেট কমিশনের ওয়েবসাইট হতে প্রার্থীগণকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে]।**

৩.১০ কোনো প্রার্থী সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থার চাকরি থেকে ইস্তফা দান করলে বা চাকরি থেকে অপসারিত হলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/গৃহীত ইস্তফাপত্র/অপসারণ আদেশের সত্যায়িত কপি।

৩.১১ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য, **জেলা প্রশাসক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না।**

৩.১২ প্রার্থী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/ সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত **প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি অথবা সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত "সুবর্ণ নাগরিক কার্ড" এর সত্যায়িত কপি;**

৩.১৩ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

৩.১৪ যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী NID এর সত্যায়িত কপি জমা দিবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক

(ক্যাডার) বরাবর দরখাস্তসহ NID এর সত্যায়িত কপি জমা দিবেন। তবে NID না থাকার কারণে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে না।

৩.১৫ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে;

(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ।

৩.১৬ স্থায়ী ঠিকানার সপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত কপি, স্ব-স্ব সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র জমা দিতে হবে।

৩.১৭ প্রাক চাকরি বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম) কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে উভয় পৃষ্ঠায় মুদ্রণ করে ফরমের সকল তথ্য পুরণ ও স্বাক্ষর করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ফরমের তিন কপি মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট বোর্ডে জমা দিতে হবে।

৩.১৮ **বিশেষভাবে উল্লেখ্য, উল্লিখিত সকল সনদ/কাগজপত্রসহ BPSC Form-1 মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না**। www.prebd.com

৪. **BPSC Form-3 অনলাইনে পূরণ এবং জমাদান :**

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইনে Teletalk BD Ltd. এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd এর মাধ্যমে অতিরিক্ত তথ্য সংবলিত BPSC Form-3 অনলাইনে বাংলায় পূরণ করে জমা দিতে হবে। এ বিষয়ে কমিশন কর্তৃক প্রেসবিজ্ঞপ্তি এবং BPSC Form-1 এ বর্ণিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হতে এস.এম.এস. এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে। কমিশনের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত উক্ত BPSC Form-3 এর ২ (দুই) টি কপি আবশ্যিকভাবে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে জমা দিতে হবে।

৫. BPSC Form-1 অনুপুঙ্খ যাচাইয়ের পর শুধু ত্রুটিমুক্ত আবেদনপত্রের বিপরীতে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার একমাত্র যোগ্যতা নয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যে সকল প্রার্থী BPSC Form-1 পূরণ করে সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

৬. কোনো প্রার্থীর নামে কমিশন হতে ডাকযোগে মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) কর্তৃক স্বাক্ষরিত ৪৫তম বি.সি.এস. পরীক্ষা-২০২২ এর সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইটে www.bpsc.gov.bd আপলোড করা থাকবে। কমিশন কর্তৃক মৌখিক পরীক্ষাসূচি ঘোষণার পর ৪৫তম বি.সি.এস. পরীক্ষা-২০২২ এর সাক্ষাৎকারপত্রটি কমিশনের ওয়েবসাইট হতে প্রার্থী ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন। মৌখিক পরীক্ষার বিজ্ঞপ্তিতে বর্ণিত ৪৫তম বি.সি.এস. পরীক্ষা-২০২২ এর মৌখিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী প্রার্থীর জন্য নির্ধারিত মৌখিক পরীক্ষার তারিখ ও রেজিস্ট্রেশন নম্বর সাক্ষাৎকারপত্রের ১ নম্বর অনুচ্ছেদের নির্ধারিত স্থানে প্রার্থী স্বহস্তে লিখবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে বর্ণিত সকল কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী সরকারী কর্ম কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে **'মৌখিক পরীক্ষা বোর্ডে'** উপস্থিত হবেন।

৭. **কোন অবস্থাতেই প্রার্থীর মৌখিক পরীক্ষার তারিখ পরিবর্তন করা হবে না।**

২৭/১০/২০২৫

মাসুমা আফরীন
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)